বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-১৭.০০০.৩০৩.৯৯.২৬.১৬ তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০১৬খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাইতেছে যে, ফেব্রুয়ারি, ২০১৭ খ্রি.-এ অনুষ্ঠেয় ২০১৭ সনের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) আগামী ১৬/১০/২০১৬ খ্রি. হইতে ৩১/১০/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাইবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত ফি জমা দিয়া নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ (Form Fill-up) করিতে হইবে। ফরম পূরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদ্সঙ্গে দেওয়া হইল।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা পরবর্তীতে যথাসময়ে বোর্ডের ওয়েব সাইটে পাওয়া যাইবে।

* প্রকাশ থাকে যে, ২০১৩ সনে প্রবর্তিত এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণির পাঠ্যসূচি এবং শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান অনুযায়ী বোর্ডের অধীন সরকারি, বেসরকারি এবং এনজিও পরিচালিত প্রতিষ্ঠানসমূহে দশম শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত/অনিয়মিত ছাত্র/ছাত্রীগণ এই পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

পরীক্ষার্থীদের শ্রেণিবিন্যাস, ফি গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে ফি জমা দেওয়ার নিয়মাবলি নিম্নে বর্ণিত হইল ঃ

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস (নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন) ঃ

১.১ ২০১৬ শিক্ষাবর্ষে এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) শিক্ষাক্রমের দশম শ্রেণিতে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রী ২০১৭ খ্রি. অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.২ ২০১৬ সনের এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় বিভিন্নণ বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য পরীক্ষার্থীগণ ২০১৭ সনের এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে পারিবে।

১.৩ বিদ্যমান প্রবিধান অনুযায়ী একজন শিক্ষার্থী স্বাভাবিক ৪ শিক্ষাবর্ষের জন্য নিবন্ধিত থাকিবে। তবে, মেয়াদ উত্তীর্ন নিবন্ধনের ক্ষেত্রে অব্যবহিত ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। এইরূপ শিক্ষার্থীদের ফরম পূরণের পূর্বেই নিবন্ধন শাখা হইতে নিবন্ধন নবায়ন করিয়া নিতে হইবে।

১.৪ 'মান উন্নয়ন' পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র ২০১৬ সনে উত্তীর্ণ শিক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। তবে,তাহাদের নিয়মিত পরীক্ষার্থীর মতই পরীক্ষার ফিস প্রদানসহ দশম শ্রেণির লিখিত ও ব্যবহারিক সমাপনী সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই ক্ষেত্রে স্বাভাবিক ফি-এর অতিরিক্ত ৫০০/- (পাঁচশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করিতে হইবে। মান উন্নয়নের আবেদনের হার্ডকপি আলাদাভাবে জমা দিতে হইবে।

১.৫ যে সকল অনিয়মিত পরীক্ষার্থী ২০১৬ সনে অনুষ্ঠিত এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অথবা পূর্বে অনুষ্ঠিত এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা পূর্বে এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অনুত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অতিরিক্ত ৩০০/- টাকা হারে সংযোগরক্ষাকারী ফি প্রদান করিয়া নির্ধারিত বিবরণীতে পূর্ণ তথ্য (পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর) লিপিবদ্ধ করিতে হইবে।

অব্যাহত .....

২. ফরম পূরণ ও ব্যাংক ড্রাফটসহ ফাইনাল লিষ্টের প্রিন্ট আউট/হার্ডকপি বোর্ডে জমা প্রদান নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করিতে হইবেঃ

<table>
<tr><th>অন লাইনে ফরম পূরণের তারিখ</th><th>বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট (DD) করার শেষ তারিখ</th><th>৩০০/- টাকা হারে বিলম্ব ফিসহ অন-লাইনে ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট(DD) করার শেষ তারিখ</th><th>ফাইনাল লিস্ট প্রিন্টের তারিখ</th><th colspan="3">অন-লাইনে ফরম পূরণের চূড়ান্ত তালিকা (Final List), প্রবেশপত্র সামারি ও ব্যাংক ড্রাফট (DD) জমা দেওয়ার তারিখ (বিলম্বসহ)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td colspan="2">৭</td><td>৮</td></tr>
<tr><td rowspan="10">১৬/১০/২০১৬ খ্রি. হইতে ৩১/১০/২০১৬ খ্রি. পর্যন্ত ।
(সকল বিভাগ)</td><td rowspan="10">০১/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট(DD) করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে ।
(সকল বিভাগ)</td><td rowspan="10">০১/১১/২০১৬ খ্রি. হইতে ০৩/১১/২০১৬ খ্রি. পর্যন্ত এবং ০৬/১১/২০১৬ খ্রি. তারিখে ব্যাংক ড্রাফট(DD) করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।
(সকল বিভাগ)</td><td rowspan="10">০১/১১/২০১৬ খ্রি. (বিলম্ব ফি ব্যতিত) ও ০৫/১১/২০১৬ খ্রি. (বিলম্ব ফিসহ)</td><td>বিভাগ</td><td>জেলা কোড</td><td>তারিখ</td><td rowspan="10">□ TC, PC এর হার্ডকপি প্রত্যেক প্রতিষ্ঠান তার কেন্দ্রের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণের সময় জমা দিবে।</td></tr>
<tr><td>রংপুর</td><td>সকল</td><td>০৪/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td rowspan="2">রাজশাহী</td><td>১৯ হতে ২২</td><td>০৫/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>২৩ হতে ২৬</td><td>০৬/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>খুলনা</td><td>সকল</td><td>০৭/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>বরিশাল</td><td>সকল</td><td>০৮/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>সিলেট</td><td>সকল</td><td>১১/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>সকল</td><td>১৩/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td rowspan="2">ঢাকা</td><td>৪৩ হতে ৫০</td><td>১৪/১২/২০১৬খ্রি.</td></tr>
<tr><td>৫১ হতে ৫৯</td><td>১৫/১২/২০১৬খ্রি.</td></tr>
</table>

২.১ ১৬/১০/২০১৬ খ্রি. হইতে ৩১/১০/২০১৬ খ্রি. তারিখের মধ্যে শিক্ষার্থীদেরকে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করিতে হইবে।

২.২ সকল প্রতিষ্ঠানকে ০১/১১/২০১৬ খ্রি. তারিখের মধ্যে ফরম পূরণ সংক্রান্ত সমুদয় টাকার ব্যাংক ড্রাফট করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।

২.৩ প্রতি পরীক্ষার্থীর জন্য ৩০০/- টাকা হারে বিলম্ব ফি দিয়া ০১/১১/২০১৬খ্রি. হইতে ০৩/১১/২০১৬খ্রি. তারিখ পর্যন্ত ফরম পূরণ করা যাইবে এবং ০৬/১১/২০১৬ খ্রি. তারিখে বিলম্ব ফি-এর আলাদা ব্যাংক ড্রাফট করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে। উক্ত তারিখের পরে কোনো অবস্থাতেই ফরম পূরণ করা যাইবে না।

২.৪ ওয়েব সাইটে প্রদত্ত যাবতীয় নির্দেশাবলি দেখিয়া অন-লাইনে ফরম পূরণ করিতে হইবে। অন-লাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৭১২৮৬২৩৫৮, ০১৭১১৩৬৬৯২৪ নম্বরে যোগাযোগ করিতে হইবে। এছাড়া হেল্প লাইন ০১৫৫০৬২০৬০৪ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে।

২.৫ Probable List- এ কোন পরীক্ষার্থীর নাম না থাকিলে বোর্ডের ভোকেশনাল শাখায় যোগাযোগ করিয়া অনলাইন ফরমেটের আদলে যাবতীয় তথ্যাদিসহ ম্যানুয়াল ফরম ফিলাপ করিতে হইবে। যোগাযোগঃ ০১৭৯৩২৬৩৬৪৮, ০১৯১৫৯৮৯৭১৯, ০১৭১৪০৭৫৮৩৮, ০১৭৯৩২৬৩৬৫১, ০২-৮১২১৫৪০।

২.৬ ধারাবাহিক (ঞঈ, চঈ) পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থী ফরম পূরণ করার জন্য অযোগ্য বিবেচিত হইবে।

৩. অন-লাইনে ধারাবাহিক *(TC, PC)* নম্বর প্রেরণ এবং ইহার হার্ড কপি বোর্ডে জমাদান ঃ

৩.১ ২০১৭ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক(ঞঈ) ও ব্যবহারিক ধারাবাহিক(**PC**) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে **১৭/১২/২০১৬ খ্রি. হইতে ২২/১২/২০১৬ খ্রি.** তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করিতে হইবে এবং ইহার হার্ডকপি নিজ দায়িত্বে কেন্দ্রে জমা দিয়া কেন্দ্র সচিবের রিসিভ কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে। হার্ডকপিতে প্রতিষ্ঠান প্রধান এবং কেন্দ্র সচিবের যৌথ স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে।

৩.২ প্রবিধান অনুসারে পরীক্ষার TC, PC, PF ও IA নম্বর অধিকতর সতর্কতার সহিত পর্যালোচনা ও পর্যবেক্ষণ করিয়া (বিশেষ করিয়া পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর, ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করিয়া) প্রেরণ করিতে হইবে।

৩.৩ **TC, PC** -এর হার্ডকপিসমূহ বিষয়ভিত্তিক সাজাইয়া বহি আকারে বাঁধাই করিয়া জমা দিতে হইবে। কোন অবস্থাতেই হার্ডকপিসমূহ ট্রেডভিত্তিক সাজানো যাইবে না।

৩.৪ ধারাবাহিক নম্বর প্রেরণের সময় **Website** -এ কোন শিক্ষার্থীর রোল নম্বর/ রেজিঃ নম্বর না থাকিলে **Add Record** করিয়া ধারাবাহিক নম্বর প্রেরণ করিতে হইবে। কোন পরীক্ষার্থীর **TC, PC** -এর নম্বর **On-Line** -এ প্রেরণ করা না হইলে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হইবে না। যে সকল পরীক্ষার্থীর ধারাবাহিক নম্বর ইতিপূর্বে প্রেরণ করা হইয়াছে তাহাদের ধারাবাহিক নম্বর পুনরায় প্রেরণ করার প্রয়োজন নাই।

৩.৫ অন-লাইনে প্রেরিত কপির হুবহু হার্ডকপিই দাখিল করিতে হইবে; কোনরূপ ঘষামাজা, হাতে লেখা বা উপরিলিখন গ্রহণযোগ্য নহে।

৪. চূড়ান্ত ব্যবহারিক (PF) পরীক্ষার অন-লাইন নম্বর প্রেরণ ও ইহার হার্ডকপি বোর্ডে জমাদানঃ

৪.১ তাত্ত্বিক পরীক্ষা শেষ হওয়ার পর পরবর্তী ০৭ দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করিতে হইবে। ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে বোর্ড নির্ধারিত তারিখে উহার নম্বর অন-লাইনে প্রেরণ করিতে হইবে। PF নম্বরের হার্ডকপিতে অবশ্যই কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে।

৪.২ অন-লাইনে প্রেরিত (PF) নম্বরের হুবহু হার্ডকপি, হাজিরা শীট, শিরোনামপত্র, পরীক্ষায় অলিখিত উত্তরপত্র ও অলিখিত অতিরিক্ত উত্তরপত্র, পরীক্ষার্থীর উপস্থিত/অনুপস্থিত এবং বহিস্কারের অন-লাইনে প্রেরিত তথ্যের হার্ডকপি পরীক্ষা শেষ হওয়ার ৩ (তিন) কর্মদিবসের মধ্যে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে অবশ্যই জমা দিতে হইবে। বহিস্কার রিপোর্টে অধ্যক্ষ/কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিতে হইবে।

৫. অন-লাইনে বাস্তব প্রশিক্ষণ (IA) মূল্যায়নের নম্বর প্রেরণ ও ইহার হার্ডকপি জমাদানঃ

৫.১ বোর্ড নির্দেশিত সময়ের মধ্যে বাস্তব প্রশিক্ষণ সমাপ্ত করিতে হইবে এবং প্রশিক্ষণের ৬ষ্ঠ সপ্তাহে বোর্ড নির্ধারিত তারিখেই ইহার নম্বর অন-লাইনে প্রেরণ করিয়া সংশ্লিষ্ট হার্ডকপিও বোর্ড নির্ধারিত তারিখে জমা দিতে হইবে। IA এর হার্ডকপিতে অবশ্যই কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে।

৫.২ ইহার ব্যত্যয় হেতু ফলাফল প্রকাশে বিঘণ ঘটিলে তাহার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করিতে হইবে।

৬. নিম্নোক্ত ছক অনুযায়ী সংশ্লিষ্ট জেলার কেন্দ্রসমূহে প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বিতরণ করা এবং TC, PC এর হার্ড কপি জমা নেওয়া হইবে ঃ

ক্রমিক নং	তারিখ	জেলার নাম
১.	০৮/০১/২০১৭ খ্রি. (রবিবার)	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট।
২.	০৯/০১/২০১৭ খ্রি. (সোমবার)	রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, জয়পুরহাট।
৩.	১০/০১/২০১৭ খ্রি. (মঙ্গলবার)	বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।
৪.	১১/০১/২০১৭ খ্রি. (বুধবার)	নাটোর, সিরাজগঞ্জ, পাবনা।
৫.	১২/০১/২০১৭খ্রি.(বৃহস্পতিবার)	কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল।
৬.	১৫/০১/২০১৭ খ্রি. (রবিবার)	যশোর, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা।
৭.	১৬/০১/২০১৭ খ্রি. (সোমবার)	পটুয়াখালী, ভোলা, ঝালকাঠী, বরিশাল, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর
৮.	১৭/০১/২০১৭ খ্রি.(মঙ্গলবার)	লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার
৯.	১৮/০১/২০১৭ খ্রি.(বুধবার)	সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, বি-বাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর।
১০.	১৯/০১/২০১৭খ্রি.(বৃহস্পতিবার)	কিশোরগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ, শেরপুর।
১১.	২২/০১/২০১৭ খ্রি. (রবিবার)	জামালপুর, টাংগাইল, গাজীপুর, নরসিংদী।
১২.	২৩/০১/২০১৭ খ্রি. (সোমবার)	রাজবাড়ী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা।

আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়াবলীঃ

- শুধুমাত্র নির্ধারিত তারিখেই কাগজপত্র সরবরাহ করা হবে।
- বিগত সকল পরীক্ষার অব্যবহৃত উত্তরপত্র ও অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমা দিতে হইবে। জমাদানের প্রমাণাদী প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।
- কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের TC, PC এর হার্ডকপি সংগ্রহ করে (প্রতিষ্ঠান অনুযায়ী আলাদা আলাদা ভাবে) বোর্ডে জমা না দিলে প্রবেশপত্র সরবরাহ করা যাবে না।
- প্রবেশপত্র দেখে নিতে হবে। পরিলক্ষিত ভুল পরীক্ষার পূর্ব দিন পর্যমত্ম সংশোধনযোগ্য।
- উত্তরপত্র গ্রহণে সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করিয়া আনিতে হইবে।
- উত্তরপত্র ও প্রবেশপত্র গ্রহণের জন্য ভিন্ন ভিন্ন দুইটি ফরোয়ার্ডিং আনিতে হইবে।

৭. বিভিন্ন ফিস সংক্রান্ত বিবরণঃ

ক্রমিক নং	বিবরণ	প্রতি পরীক্ষার্থী	**মন্তব্য**
১.	পরীক্ষার ফি	৪০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	কেন্দ্র ফি	৪৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৩.	ব্যবহারিক বিষয়ক কেন্দ্র ফি	১০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৪.	নম্বরপত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বাসত্মব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৬.	@টাঃ ২৫/- হারে ৭ বিষয়ের ব্যবহারিক ফি (ঐচ্ছিক	১৭৫.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%

	সহ)		
৭.	সংযোগরক্ষাকারী ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৮.	বিলম্ব ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৯.	সনদপত্র ফি	১০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
১০.	জরিমানা (প্রতি প্রতিষ্ঠান)	২৫০০.০	বোর্ডের প্রাপ্য ১০০%

ফিস আদায় ও সমর্পন/ বিতরণঃ

- নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাসত্মব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি) বাবদ (৪০০+৬০+৭০+১০০) = ৬৩০.০০ (ছয়শত ত্রিশ) টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বর পত্র ফি) বাবদ (৪০০+৬০) = ৪৬০.০০ (চারশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- বাস্তব প্রশিক্ষণের (১২০-৭০) = ৫০.০০ টাকা বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল্যায়ন কাজের পারিশ্রমিক হিসাবে ব্যয়যোগ্য এবং অবশিষ্ট ৭০.০০ (সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- কেন্দ্র ফি বোর্ডের নীতিমালা মোতাবেক কেন্দ্রে নিয়জিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বণ্টন করিতে হইবে।
- পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর সহকারে বোর্ডে জমা দিতে হইবে।

৯. প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট হার্ড কপি/পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলিঃ

৯.১ প্রতিষ্ঠান হইতে অন-লাইনে প্রেরিত যাবতীয় তথ্যের হার্ডকপি ও অন্যান্য দলিলাদি প্রতিষ্ঠান প্রধানের মনোনীত দায়িত্বশীল প্রতিনিধির মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে।

৯.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট গচিছত থাকিবে। নিজ প্রতিষ্ঠান ব্যতীত অন্য শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্রাধীনে পরীক্ষা দিতে হইলে হিসাব অনুযায়ী প্রদানযোগ্য অর্থ যথাসম্ভব পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুকূলে নগদ/ব্যাংক ড্রাফটের মাধামে সমর্পন করিতে হইবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে বোর্ড নির্ধারিত নীতিমালা অনুসারে পরীক্ষা সমাপ্তির পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক ও কাঁচামাল ক্রয় সংক্রান্ত ব্যয় পরিশোধ করিতে হইবে।

৯.৩ কোন প্রতিষ্ঠানের কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র বরাবরে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত থাকিবে।

৯.৪ ব্যবহারিক পরীক্ষা ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে প্রতি ২ ঘন্টার বিষয়ের জন্য ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য ১০.০০ টাকা হারে প্রত্যেক ব্যবহারিক পরীক্ষককে (অভ্যান্তরীন/অনভ্যান্তরীন) পরিশোধ করিতে হইবে।

৯.৫ ছকে প্রদর্শিত তারিখ মোতাবেক আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে, যাহা সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হইতে উত্তোলনযোগ্য। উল্লিখিত সোনালী ব্যাংকের ড্রাফট/নগদ অর্থ স্বস্ব প্রতিষ্ঠানকে ব্যাংকের ভাউচারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় ব্যাংক ড্রাফট জমা দিয়াও ভাউচার সংযুক্ত করা যাইবে।

৯.৬ নগদ/মানি অর্ডার/চেক/পোস্টাল অর্ডার/ট্রেজারী চালানে অর্থ প্রেরণ গ্রহণযোগ্য নয়।

৯.৭ নির্ধারিত ফরয়ার্ডিং (নমুনা) এর আদল ব্যতিত কোন প্রিন্ট আউট হার্ড কপি/হিসাব বিবরনী গ্রহণ করা হইবে না।

৯.৮ নিম্নেবর্ণিত ছক (প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী ট্রেডভিত্তিক সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর বিশদ তালিকা ফাইনাল লিস্টের সহিত অবশ্যই প্রেরণ করিতে হইবে। সকল তথ্য বিবরণী A4 সাইজের কাগজে প্রেরণ করিতে হইবে ।

১০. কার্যক্রম *সংক্রান্ত* কতিপয় গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য ও নির্দেশাবলিঃ

১০.১ বোর্ডে প্রেরিত সকল তথ্যের(নম্বর/হাজিরা) ডুপ্লিকেট প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করিতে হইবে যাহাতে বোর্ডের তাৎক্ষনিক তলবীতে সরবরাহ করিতে পারেন।

১০.২ বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তরপত্রের লিথোটপ ছেড়া যাইবে না। প্রতিবেদনসহ (কেন্দ্রসচিব/প্রতিষ্ঠান প্রধানের মমত্মব্যসহ স্বাক্ষর) একই দিনে উহা আলাদা পার্শেলে পাঠাইতে হইবে।

১০.৩ বান্ডিল লেবেল ব্যবহার ব্যতিত উত্তরপত্রের সহিত কোন শিরোনামপত্র/তথ্য সংযুক্ত করা যাইবে না।

১০.৪ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসীটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকিবে এবং বিষয় ভিত্তিক উপস্থিতি/অনুপস্থিতি লিখিতে হইবে।

১০.৫ উপস্থিত/অনুপস্থিত নির্বিশেষে কেন্দ্রভিত্তিক ইস্যুকৃত প্রবেশপত্রের সমান সংখ্যক হাজিরাশীট রোলের ক্রমানুসারে সাজাইয়া বহি আকারে দাখিল করিতে হইবে।

১০.৬ পরীক্ষার্থী বহিস্কার হইলে হাজিরা শীটে লাল কালি দিয়া বহিস্কার শব্দটি লিখিতে হইবে।

১০.৭ কেন্দ্রে প্রতিদিনের উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ও অন্যান্য আনুষঙ্গিক কাকগজপত্রদি ব্যবহারের হিসাব ও মওজুদের স্টক রেজিস্টার লিপিবদ্ধ করে রাখতে হইবে।

১০.৮ পরীক্ষা শুরু হওয়ার নূ্যনতম ১ (এক) সপ্তাহ পূর্বে কেন্দ্র সচিবগণ তাহার অধিনস্থ প্রতিষ্ঠান প্রধানদের নিয়া পরীক্ষা নীতিমালা পর্যালোচনা করিয়া পরীক্ষা কমিটি গঠন করিবেন এবং তাহা বোর্ডকে অবিহিত করিবেন।

১০.৯ উত্তরপত্র পরীক্ষক হইতে ইচ্ছুক শিক্ষকগণকে অনলাইনে নির্ধারিত ফরমে ১৬ অক্টোবর ২০১৬ হইতে ১৫ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে তথ্যাদি পেরণ করিতে হইবে। পুরাতন ও অভিজ্ঞ শিক্ষকদের নাম অবশ্যই অমন্তর্ভূক্ত করিতে হইবে।

(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন-৯১১৩২৮৩, ফ্যাক্স- ৯১৪৪২০৬

স্মারক নং-১৭.০০০.৩০৩.৯৯.২৬.১৬ তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০১৬খ্রি.

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইলঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, (কারিগরি)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ ৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩। মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। মহা-পরিচালক, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
৫। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ ৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা ।
৬। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৭। পরিচালক,বস্ত্র দপ্তর, বস্ত্র ভবন (৬ষ্ঠ তলা), ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
৮। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। জেলা প্রশাসক---(সকল জেলা)।
১২। উপজেলা নির্বাহী অফিসার,-------------------------------------(সকল উপজেলা)।
১৩। উপ পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
১৪। উপ-পরিচালক (গবেষণা)/ মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। উপ-সচিব (প্রঃ)/ উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। উপ-পরিদর্শক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হইল)।
১৯। কারিকুলাম বিশেষজ্ঞ (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক-------------------------------------(সকল)।
২১। পরিদর্শক, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৩। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-(সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৪। সহকারী পরিচালক (হিঃ ও নিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (যথাসময়ে ফি গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
২৫। সহকারি মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড (বিটিইবি ভবন সংলগ্ন), আগারগাও শাখা, ঢাকা(যথাসময়ে ফি গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
২৬। ডকুমেন্টেশন অফিসার/নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২৭। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২৯। নোটিশ বোর্ড।
৩০। সংরক্ষণ নথি ।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৮১২১৫৪০

প্রতিষ্ঠান কোডঃ

ফরোয়াডিং নমুনা

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ---

বরাবর

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭

দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)

বিষয়ঃ --------- সনের এসএসসি (ভোকেশনাল)--------------------------- ফাইনাল পরীক্ষার প্রিন্ট আউট কপি প্রেরণ প্রসংগে।

জনাব,

আগামী ---------- মাসে অনুষ্ঠিতব্য -------- সনের এসএসসি (ভোকেশনাল) --------------------------- পরীক্ষায় অত্র প্রতিষ্ঠানের যে সকল ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করিবে তাহাদের প্রিন্ট আউট হার্ড কপি তথ্য বিবরণীসহ অত্রসাথ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

পরীক্ষার্থীদের ফি প্রদানের ছকঃ

ক্রমিক	ট্রেড	নিয়মিত/ অনিয়মিত এর সংখ্যা		প্রতিজন (হার)						মোট
				পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	বাসত্মব প্রশিক্ষণ ফি	বিলম্ব ফি	সনদপত্র ফি	সংযোগ রক্ষাকারী ফি	
১		নিয়মিত								
		অনিয়মিত								
২		নিয়মিত								
		অনিয়মিত								
৩		নিয়মিত								
		অনিয়মিত								
৪		নিয়মিত								
		অনিয়মিত								
নিয়মিত ....জন, অনিয়মিত .... জন, মোট .... জন।										

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

সংযোজিতঃ

১। ট্রেডভিত্তিক আলাদা তথ্য বিবরণীসহ মোট---------------------জন পরীক্ষার্থী
২। ব্যাংক ড্রাফটের বিবরণঃ

মোবাঃ

ক্রমিক	ব্যাংক ড্রাফটের নম্বর	তারিখ	টাকার পরিমাণ	ব্যাংকের শাখার নাম
০১.				
০২.				
মোট				

চাহিদা ফরম- ১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাক-১২০৭।

কেন্দ্র কোডঃ

--------------- সালের ------------------- মাসে অনুষ্ঠিতব্য --
সমাপনী পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল।
কেন্দ্রের নামঃ -- জেলাঃ -----------------------------------

টেকনোলজী/ট্রেড/ স্পেসালাইজেশন	পর্ব/বর্ষ	মোট পরীক্ষার্থী	লিখিত পরীক্ষার বিষয় সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্যলিথো/সাধারণ
অনিয়মিত পরীক্ষার্থীর জন্য উত্তরপত্রঃ (বিভিন্ন বর্ষ/ পর্বের অনিয়মিত পরীক্ষার্থীদের মোট বিষয় সংখ্যা)					

সর্ব মোট	

মোবাঃ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

চাহিদা ফরম- ২

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাক-১২০৭

কেন্দ্র কোডঃ

কেন্দ্রের নামঃ -- জেলাঃ ----------------------

বিবরণ	মোট চাহিদার পরিমাণ	কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদ মালামালের পরিমাণ	বর্তমান চাহিদা	মন্তব্য
উত্তরপত্র (লিথো সহ) (মোট উত্তরপত্র + ২%)				
অতিরিক্ত উত্তরপত্র (লিথো) (মোট উত্তরপত্র × ১.০২)				
শিরোনামপত্র (বিষয় × পরীক্ষার্থী × ৪)/৫০				
বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী × ১০× বিষয়/৫০)				
বস্ত্র (মোট পরীক্ষার্থী × মোট বিষয় /২০০)				
হাজিরা শীট (মোট পরীক্ষার্থী)				
ডেসপাস ফরম				
অবগতি ফরম				
করোগেটেড সীট (মোট পরীক্ষার্থী × ২× বিষয়)/৫০				
সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম				
ফরম নং - ১, ২, ৩ (প্রতিটি ৫০ টি করে) (বহিস্কার ফরম)				
আই, সি, আর ফরম (অনুপস্থিতি)				

মোবাঃ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর